ইতিহাস থেকে শিক্ষা না নিলে বিদেশ থেকে অনলাইনে সীমাবদ্ধ থাকতে হবে: নাসীরুদ্দীন পাটওয়ারী



সংগৃহীত ছবি

রাজধানীতে এক আলোচনা সভায় জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে উদ্দেশ করে বলেন, ইতিহাস থেকে শিক্ষা না নিলে রাজনীতি কেবল বিদেশ আর অনলাইনে সীমাবদ্ধ থাকবে। তিনি গণপরিষদ নির্বাচনকে বর্তমান সংকট সমাধানের একমাত্র পথ উল্লেখ করেন এবং নতুন সংবিধানের দাবিতে এনসিপির অবস্থান স্পষ্ট করেন।

শনিবার (১৬ আগস্ট) রাজধানীর বাংলামোটরে "জুলাই সনদ বাস্তবায়নে গণপরিষদ নির্বাচন" শীর্ষক এক আলোচনা সভায় বক্তব্য রাখেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী।

বক্তব্যে তিনি বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দিকেই ইঙ্গিত করে বলেন, "যদি ইতিহাস থেকে শিক্ষা না নেওয়া হয়, তবে বিদেশে কিংবা অনলাইনে পরবর্তী জীবন কাটাতে হবে। রাজনীতি জনগণের মাঝে হতে হবে, বাইরে থেকে নয়।"

তিনি আরও অভিযোগ করেন, লন্ডনে সিজদা দিয়ে ফেব্রুয়ারির নির্বাচনের বার্তা আনা হয়েছে, কিন্তু সেই নির্বাচনের আগে গণপরিষদ নির্বাচন করতেই হবে। তার মতে, দেশের রাজনৈতিক অচলাবস্থা দূর করার একমাত্র সমাধান হচ্ছে গণপরিষদের মাধ্যমে নতুন সংবিধান প্রণয়ন।

নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, এনসিপির অনেক নেতা-নেত্রীর মন্ত্রী হওয়ার সুযোগ থাকলেও তারা ব্যক্তিগত লাভের চেয়ে জনগণের আন্দোলনকে অগ্রাধিকার দিচ্ছেন। একইসঙ্গে তিনি ঘোষণা দেন, "আমার বিরুদ্ধে কোনো দুর্নীতির অভিযোগ প্রমাণিত হলে আমি আর কখনো জনসম্মুখে আসব না।"

তিনি আরও মন্তব্য করেন, রাজনৈতিক দলগুলিকে পাশ কাটিয়ে জনগণের অংশগ্রহণ ছাড়া জুলাই ঘোষণাপত্রের কার্যকারিতা সম্ভব নয়। তার দাবি অনুযায়ী, দেশের অন্তত ৬০ শতাংশ মানুষ সংস্কার চায়। পাশাপাশি তিনি সতর্ক করেন যে, ভারত জাতীয়তাবাদের আড়ালে নতুন ষড়যন্ত্রের চেষ্টা করতে পারে।